Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

স্মারক নং: বায়রা/৩(৪)/২০২৬/৪০৯

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩
১৩ জুলাই ২০২৬

## বায়রা'র সদস্যপদ গ্রহণ ও ভোটার হওয়ার বিষয়ে বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, বায়রা'র ২০২৬-২০২৮ মেয়াদী দ্বি-বার্ষিক নির্বাচনের তফসিল গত ০৯ জুলাই ২০২৬ প্রকাশিত হয়েছে। তফসিল অনুযায়ী আগামী ১৪ নভেম্বর ২০২৬ তারিখে নির্বাচন অনুষ্ঠিত হবে। **বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ১৯ এর (৩) অনুসারে নির্বাচন তারিখের ১২০ দিন পূর্বে অর্থাৎ আগামী ১৬ জুলাই ২০২৬ তারিখের মধ্যে সদস্যপদ গ্রহণ করলে আসন্ন বায়রা'র নির্বাচন ২০২৬-২০২৮ এ ভোটার হওয়ার সুযোগ রয়েছে।**

যে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে রিক্রুটিং এজেন্সীর প্রাপ্তির লক্ষ্যে বায়রা হতে অনাপত্তি সনদপত্র (N.O.C.) গ্রহণ করেছে কিন্তু লাইসেন্স প্রাপ্তির বিষয়টি বায়রা সচিবালয়ে অদ্যাবধি অবহিত করেননি তাদের বকেয়াসহ নির্ধারিত বার্ষিক চাঁদা পরিশোধপূর্বক রিক্রুটিং লাইসেন্স প্রাপ্তি সাপেক্ষে বায়রা'র সদস্যপদ গ্রহণ এবং সদস্যদের সার্বিক কল্যাণ কার্যক্রমে সহযোগিতা করার নিমিত্ত বিশেষভাবে অনুরোধ করা গেল।

উল্লেখ্য, **বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ২১(ক) ধারা মোতাবেক** *"ব্যবসা, শিল্প, বাণিজ্য ও সেবাখাতসমূহে নিয়োজিত কোনো ব্যক্তি, ব্যবসায়ী, ব্যবসা প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, কোম্পানি বা প্রতিষ্ঠান বা উহাদের কোন শ্রেণিকে ব্যবসা, শিল্প, বাণিজ্য ও সেবার স্বার্থে কোন নির্দিষ্ট নিবন্ধিত বাণিজ্য সংগঠনের সদস্য হইতে হইবে"* এবং **বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স এবং সাব-এজেন্ট নিবন্ধন ও আচরণ) বিধিমালা, ২০২৫ এর ১১(২)-এ** *"উপ-বিধি(১) এর অধীন কোন সমিতি বা সংঘ গঠিত হইলে, প্রত্যেক রিক্রুটিং এজেন্ট উক্ত সমিতি বা সংঘের সদস্য হইবেন"* বলে উল্লেখ রয়েছে।

এ বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি এবং কোন জিজ্ঞাস্য থাকলে অনুগ্রহপূর্বক বায়রা সচিবালয়ের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি জরুরী।

বায়রা'র পক্ষে-

**(মোঃ নজরুল ইসলাম)**
সচিব, বায়রা।

অনুলিপি:

১। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা-১০০০
৩। প্রশাসক, বায়রা
৪। সম্মানিত সদস্য (সকল), বায়রা - সদয় অবগতির জন্য
৫। সম্মানিত NOC গ্রহণকারী রিক্রুটিং এজেন্সীর মালিকবৃন্দ
৬। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.baira.org.bd)

**BAIRA BHABAN:** 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd